

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩৯

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আল্লাহর ওয়ান্তে কিছু চাওয়া হলে, যে ব্যক্তি গোপনে দান করে, তাকে আল্লাহ ভালবাসেন

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ صَدَقَةَ الْمَرْءِ سِرًّا إِذَا سُئِلَ بِاللَّهِ مِمَّا يُحِبُّ اللَّهُ فَاعِلَهَا

## আরবী

3339 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ عَنْ زَيْدِ بْنِ ظَبْيَانَ عَنْ أَبِي ذَرِّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (ثَلَاثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ وَثَلَاثَةٌ يُبْغِضَهُمُ اللَّهُ: يُحِبُّ رَجُلًا كَانَ فِي قَوْمٍ فَأَتَاهُمْ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (ثَلَاثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ وَثَلَاثَةٌ يُبْغِضَهُمُ اللَّهُ: يُحِبُّ رَجُلًا كَانَ فِي قَوْمٍ فَأَتَاهُمْ سَائِلٌ فَسَأَلَهُمْ بِوَجْهِ اللَّهِ لَا يَسْأَلُهُمْ لَقَرَابَةٍ بَيْنَهُمْ وَيَيْنَهُ فَبَخِلُوا فَخَلَفَهُمْ بِأَعْقَابِهِمْ حَيْثُ لَا سَائِلٌ فَسَأَلَهُمْ بِوَجْهِ اللَّهِ لَا يَسْأَلُهُمْ لَقَرَابَةٍ بَيْنَهُمْ وَيَيْنَهُ فَبَخِلُوا فَخَلَفَهُمْ بِأَعْقَابِهِمْ حَيْثُ لَا يَسْأَلُهُمْ يَوْمُ لِللَّهُ وَمَنْ أَعْطَاهُ وَرَجُلٌ كَانَ فِي كَتِيبَةٍ فَانْكَشَفُوا فَكَبَّر فَقَاتَلَ حَتَّى يَفْتَحَ اللَّهُ عَلَيْهِ يَرَاهُ إِلَّا اللَّهُ وَمَنْ أَعْطَاهُ وَرَجُلٌ كَانَ فِي قَوْمٍ فَأَدْلَجُوا فَطَالَتْ دُلْجَتِهم فَنزلوا والنوم إليهم أَحَبُ إِلَيْهِمْ مَنَّ أُو يُقتل وَرَجُلٌ كَانَ فِي قَوْمٍ فَأَدْلَجُوا فَطَالَتْ دُلجتهم فَنزلوا والنوم إليهم أَحَبُ إليهم أَحبُ إليهم مَ عَنْهُ وَمَنْ أَلُهُ فَيَامُوا وَقَامَ يَتْلُو آيَاتِي وَيَتَمَلَّقُنِي وَيُبْغِضُ الشَّيْخَ الزَّانِي وَالْبَخِيلَ المتكبر) وذكر الثالث

الراوي: أَبُو ذَرِّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3339 ا خلاصة حكم المحدث: ضعيف \_ ((التعليق الرغيب)) (2/ 32), ((المشكاة)) (1922/التحقيق الثاني), وقد صبح عن أبي ذر بسياق آخره ليس فيه الأول, والثاني من الثلاثة الأول, وقال في الثلاثة الذين يبغضهم الله: ((والفخور المختال, والبخيل المنان, والبياع الحلّاف)).

## বাংলা

৩৩৩৯. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তিন শ্রেণির মানুষকে আল্লাহ পছন্দ করেন এবং তিন শ্রেণির মানুষকে তিনি অপছন্দ করেন। তিনি পছন্দ করেন ঐ ব্যক্তিকে, যে এক কওমের থাকে অতঃপর এক সাহায্যপ্রার্থী এসে তাদের কাছে আল্লাহর সম্ভুষ্টির



জন্য সাহায্য চান। তার ও তাদের মাঝে আত্নীয়তার সম্পর্ক থাকার কারণে সে তাদের কাছে সাহায্য চায়নি। অতঃপর তারা কৃপণতা করে আর সে ব্যক্তি তাদের পিছনে যায় এবং তাকে গোপনে দান করেন, যে দানের কথা আল্লাহ ও যাকে দান করেছে সে ছাড়া আর কেউ জানে না। (২) আরেক ব্যক্তি যে একটি ছোট বাহিনীতে থাকে। অতঃপর লোকজন ছত্রভঙ্গ হয়ে যায় আর সে ব্যক্তি আল্লাহু আকবার বলে যুদ্ধ করে যতক্ষন না মহান আল্লাহ তাকে বিজয় দেন অথবা সে নিহত হয় (৩) আরেক ব্যক্তি একদল লোকের মাঝে রাত্রে দীর্ঘ সফর করে। অতঃপর তারা যাত্রা বিরতি দেয়। অতঃপর ঘুম তাদের কাছে ঘুমের সমপর্যায়ভুক্ত যে কোন জিনিস অপেক্ষা প্রিয় হয়, ফলে তারা ঘুমিয়ে যায়। এমন সময় সে ব্যক্তি দাঁড়িয়ে যায়, সে আমার আয়াতসমূহ তিলাওয়াত করে এবং আমার কাছে সাহায্য চায়। আর যেই তিনজনকে আল্লাহ ঘৃণা করেন, তারা হলেন, বৃদ্ধ ব্যভিচারী, অহংকারী কৃপণ।" অধঃস্কন রাবী বলেন, "তিনি তৃতীয় জনের কথাও উল্লেখ করেন।"[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ২৫৬৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৫৬; মুসনাদ আহমাদ: ৫/১৫৩; নাসাঈ: ৫/৮৪; হাকিম: ২/১১৩; আত তায়ালিসী: ৪৬৮; তাবারানী: ১৬৩৭; সুনান বাইহাকী: ৯/১৬০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীকুর রাগীব:২/৩২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ যার আল-গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন